

লালপুরে দুটি স্কুল ভবন নির্মাণ শুরু

সংবাদ : প্রতিনিধি, লালপুর (নাটোর) | তারিখ, মঙ্গলবার, ২০ মার্চ ২০১৮

নাটোরের লালপুরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বাস্তবায়নে কদিমচিলান ইউনিয়নের হাজিরহাট উচ্চ বিদ্যালয় ও দুয়ারিয়া ইউনিয়নের কলসনগর উচ্চ বিদ্যালয়ের ৪ তলা ভিত্তি বিশিষ্ট একতলা একাডেমিক ভবন নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় গত রোববার। উদ্বোধন করেন নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া) আসনের সংসদ সদস্য এ্যাডভোকেট আবুল কালাম আজাদ। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন লালপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আফতাব হোসেন ঝুলফু, সাধারণ সম্পাদক ইসাহাক আলী, সদস্য ফিরোজ আল হক ভুইয়া প্রমুখ।